(গ) বোর্ডের দৈনন্দিন কার্য সম্পাদনের উদ্দেশ্যে কোম্পানি ও সুবিধাভোগী পক্ষের সমসংখ্যক প্রতিনিধির সমন্বয়ে একটি কার্যনির্বাহী কমিটি গঠন ;

(ঘ) বোর্ডের সভা অনুষ্ঠানের ব্যাপারে বাস্তব অসুবিধার পরিপ্রেক্ষিতে সকল ট্রাস্টির নিকট সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করিয়া যে কোন প্রশ্নে সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি নির্ধারণ ;

(ঙ) বোর্ডের সভা অনুষ্ঠানের জন্য কোরাম ও নোটিশের প্রয়োজনীয়তা নির্ধারণ; এবং

(চ) বোর্ডের দফতর, রেকর্ডপত্র ও কার্য পরিচালনার দায়িত্ব সচিবের উপর ন্যস্তকরণ।

২৩০। **বোর্ডের মেয়াদকাল।**—(১) বোর্ডের নির্বাচিত বা মনোনীত একজন ট্রাস্টির কার্যকালের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর।

(২) বোর্ডের দায়িত্ব পালনের জন্য ট্রাস্টিগণ কোন পারিশ্রমিক প্রাপ্য হইবেন না, কিন্তু বোর্ডের সভায় যোগদানের জন্য তাহাদের যুক্তিসঙ্গত যাতায়াত খরচ কোম্পানি বহন করিবে।

২৩১। **ট্রাস্টির ক্ষমতার সীমাবদ্ধতা।**—কোন ট্রাস্টি নিজের স্বার্থ বা পরিকল্পের অধীন নিজের অধিকার বা সুযোগ-সুবিধার প্রশ্নে সিদ্ধান্ত গ্রহণের সময় ভোট প্রদান করিতে পারিবেন না।

২৩২। **তহবিলদ্বয়ের সুবিধা প্রাপ্তির যোগ্যতা** ।—(১) আইনের পঞ্চদশ অধ্যায়ের উদ্দেশ্য পূরণকল্পে তহবিলদ্বয়ের সুবিধা প্রাপ্তির যোগ্য সুবিধাভোগী বলিতে ধারা ২৩৩(১)(ঝ)-তে সুবিধাভোগীর সংজ্ঞায় বর্ণিত কোন ব্যক্তিকে বুঝাইবে।

(২) প্রত্যেক মালিক উক্তরূপ সকল সুবিধাভোগী বা শ্রমিকের তালিকা ও তাহাদের উত্তরাধিকারী বা নমিনীর তালিকা ফরম-৪১ অনুযায়ী বোর্ডের নিকট সরবরাহ করিবেন।

২৩৩। **তহবিল বন্টন।**—ট্রাস্টি বোর্ড অংশগ্রহণ তহবিলের অর্থ প্রাপ্ত হইবার ২(দুই) মাসের মধ্যে ৮০% অর্থ ধারা ২৪২(১) অনুসরণ করিয়া ধারা ২৩৩(১)(ঝ) অনুযায়ী নিয়োজিত ব্যক্তি তহবিলে লভ্যাংশ স্থানান্তরের তারিখে যাহার চাকরির বয়স ৯ (নয়) মাস পূর্ণ হইয়াছে, এমন ব্যক্তি বা সুবিধাভোগীদের মধ্যে নগদে পদমর্যাদা নির্বিশেষে সমভাবে বন্টন করিবে।

২৩৪। **হিসাব সংরক্ষণ ও নিরীক্ষা।**—ধারা ২৪৮ অনুসরণ করিয়া বোর্ড কর্তৃক তহবিলদ্বয়ের হিসাবপত্র পৃথকভাবে সংরক্ষণ ও বার্ষিক নিরীক্ষা করিতে হইবে এবং প্রত্যেক সদস্যকে তাহার প্রাপ্য হিসাবের বিবরণ নিরীক্ষা সম্পন্ন হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রদান করিতে হইবে।

২৩৫। **তহবিলদ্বয়ের বার্ষিক প্রতিবেদন।**—(১) বোর্ড, প্রতি বৎসর ৩১শে মার্চের মধ্যে পূর্ববর্তী বৎসরের তহবিলদ্বয়ের হিসাব বিবরণীর একটি প্রতিবেদন মালিকের নিকট ফরম-৮১(ঞ) অনুযায়ী দাখিল করিবে।

(২) বোর্ড কর্তৃক হিসাব বিবরণী প্রাপ্তির পর মালিককে উহার একটি কপি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে জমা প্রদান করিতে হইবে।

২৩৬। **বিবিধ** ।—(১) বোর্ডের সকল কার্য ও গৃহীত সিদ্ধান্ত সকল সুবিধাভোগীর জন্য সমান হইতে হইবে এবং সুযোগ-সুবিধার ব্যাপারে শ্রমিকদের মধ্যে কোন বৈষম্য করা যাইবে না।

(২) আইনের পঞ্চদশ অধ্যায়ের অধীন শ্রমিকদের কোন আয় বা সুযোগ-সুবিধা বন্ধক প্রদান, বিনিময় বা বিক্রি করা যাইবে না।

(৩) তহবিল হইতে মালিক তাহার প্রতিষ্ঠানের জন্য বা অন্য কোন ব্যবসায়িক উদ্দেশ্যে বা ব্যক্তিগত প্রয়োজনে কোন প্রকার অগ্রিম বা ঋণ গ্রহণ করিতে পারিবেন না।

(৪) কোন কোম্পানির ব্যাপারে যে কোন কারণে আইনের পঞ্চদশ অধ্যায়ের প্রয়োগ রহিত হইলে উক্তরূপ রহিত হইবার তারিখ পর্যন্ত নীট সম্পদ মূল্যের ভিত্তিতে সুবিধাভোগীদের মধ্যে তহবিল বন্টন করিতে হইবে এবং উহা নগদে না সম্পদে কিভাবে বন্টন করিতে হইবে উহা বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

## ষোড়শ অধ্যায়
## ভবিষ্য তহবিল

২৩৭। **ভবিষ্য তহবিল গঠন ও বিধি প্রণয়ন** ।—(১) কোন বেসরকারি প্রতিষ্ঠানে ভবিষ্য তহবিল গঠন ও পরিচালনা আইনের সপ্তদশ অধ্যায়, এই বিধিমালা ও প্রতিষ্ঠানের নিজস্ব অনুমোদিত চাকরি বিধি দ্বারা পরিচালিত হইবে।

(২) কোন বেসরকারি প্রতিষ্ঠান ভবিষ্য তহবিল গঠন ও পরিচালনার উদ্দেশ্যে নিজস্ব বিধি প্রণয়ন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, নিজস্ব বিধির কোন বিধান আইনের সপ্তদশ অধ্যায় ও এই বিধিমালার বিধানের পরিপন্থি হইতে পারিবে না।

(৩) কোন বেসরকারি প্রতিষ্ঠানে ভবিষ্য তহবিল গঠন করা হইলে প্রতিষ্ঠানের নিজস্ব বিধিমালার অবর্তমানে উহা এই বিধিমালা দ্বারা পরিচালিত হইবে।

(৪) ভবিষ্য তহবিল গঠনের সংগে সংগে ধারা ২৬৪ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের মালিক এতদুদ্দেশ্যে একটি ট্রাস্টি বোর্ড গঠন করিবেন।

(৫) ধারা ২৬৪ (১০) মোতাবেক প্রতিষ্ঠানের অন্যূন তিন-চতুর্থাংশ শ্রমিক মালিকের নিকট লিখিত দরখাস্ত পেশ করিলে প্রতিষ্ঠানের মালিক এতদুদ্দেশ্যে ভবিষ্য তহবিল পরিচালনা করিবার জন্য একটি ট্রাস্টি বোর্ড গঠন করিতে বাধ্য থাকিবে।